

আমাদেৱশময়

এআইইউবিতে ১০ম সিজেন কনফারেন্সের উদ্বোধন অনুষ্ঠিত

প্ৰেস বিজ্ঞপ্তি

২৬ অক্টোবৰ ২০২৫, ১১:২২ এএম



ছবি: সংগৃহীত

আমেরিকান ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি - বাংলাদেশ (এআইইউবি)-এর মিডিয়া অ্যান্ড মাস কমিউনিকেশন (এমএমসি) বিভাগ আয়োজিত “১০ম কমিউনিকেশন অ্যান্ড জন্মালিজম এডুকেটরস নেটওয়ার্ক (সিজেন) কনফারেন্স ২০২৫”-এর আনুষ্ঠানিক উদ্বোধন অনুষ্ঠিত হয়েছে।

বৃহস্পতিবার (২৪ অক্টোবৰ) এআইইউবি ক্যাম্পাসে এই উদ্বোধনী অনুষ্ঠানের আয়োজন কৰা হয়।

ডিডিডিউ একাডেমিৰ সহযোগিতায় আয়োজিত দুইদিনব্যাপী এই সম্মেলনে দেশেৱ বিভিন্ন বিশ্ববিদ্যালয়েৱ মিডিয়া শিক্ষাবিদ, গণমাধ্যম পেশাজীবী ও শিক্ষার্থীৱা অংশগ্রহণ কৰেছেন।

এ সম্মেলনের মূল প্রতিপাদ্য- 'মিডিয়া ট্রান্সফর্মেড: বাংলাদেশ অ্যাট এ ক্রসরোডস' এর আলোকে সাংবাদিকতা ও যোগাযোগ শিক্ষার অগ্রযাত্রায় গবেষণা, সহযোগিতা এবং সংলাপকে উৎসাহিত করাই এই আয়োজনের প্রধান উদ্দেশ্য।

সেমিনারের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের (ইউজিসি) মাননীয় চেয়ারম্যান অধ্যাপক ড. এস এম এ ফয়েজ। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মি. র্যামন গিলার্মো আর. তুয়াজন, সেক্রেটারি-জেনারেল, এশিয়ান মিডিয়া ইনফরমেশন অ্যান্ড কমিউনিকেশন সেন্টার।

এছাড়া আরও উপস্থিত ছিলেন এআইইউবি'র প্রতিষ্ঠাতা ও ট্রাস্টি বোর্ডের সদস্য জনাব ইশতিয়াক আবেদীন, এআইইউবি'র ভাইস চ্যাম্পেল অধ্যাপক ড. সাইফুল ইসলাম, অধ্যাপক ড. জুড উইলিয়াম জেনিলো, প্রো-ভাইস চ্যাম্পেল, ইউল্যাব ও চেয়ারম্যান, সিজেন বাংলাদেশ।

এদিন উদ্বোধনী বক্তব্য প্রদান করেন এআইইউবি'র ট্রাস্টি বোর্ডের সদস্য ও সাবেক ভাইস চ্যাম্পেল ড. কারমেন জেড. লামাগনা। অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা ও বিভিন্ন প্রতিষ্ঠানের গণমাধ্যম প্রেশার্জাবীরা।

প্রসঙ্গত, দুইদিনব্যাপী এই কনফারেন্সে মূল প্রবন্ধ উপস্থাপন, প্যানেল আলোচনা এবং একাডেমিক পেপার সেশন অনুষ্ঠিত হবে। এআইইউবি-র মিডিয়া অ্যান্ড মাস কমিউনিকেশন বিভাগের এই আয়োজন দেশব্যাপী যোগাযোগ ও সাংবাদিকতা শিক্ষার মানোন্নয়নে একটি ইতিবাচক ভূমিকা রাখবে বলে আয়োজকরা আশা প্রকাশ করেন।

উল্লেখ্য, এবারের কনফারেন্সটি এআইইউবি ও সিজেন উভয়ের জন্যই একটি গুরুত্বপূর্ণ মাইলফলক। কারণ, প্রথমবারের মতো এখানে গবেষণাপত্র উপস্থাপনার সুযোগ রাখা হয়েছে। এই উদ্যোগ দেশের যোগাযোগ ও গণমাধ্যম বিষয়ে উচ্চশিক্ষায় গবেষণা ও জ্ঞানচর্চায় নতুন দিগন্ত উন্মোচন করবে বলে আশা করা হচ্ছে।